মনোনয়ন নিয়ে সংঘর্ষে জড়িত ৪ নেতা বহিষ্কার করল বিএনপি



সংগৃহীত ছবি

দলীয় মনোনয়নকে ঘিরে সহিংসতা ও সড়ক অবরোধের ঘটনায় চট্টগ্রামের চার নেতাকে বহিষ্কার করেছে বিএনপি।

সোমবার (৩ নভেম্বর) রাতে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এই সিদ্ধান্তের কথা জানানো হয়।

বহিষ্কৃতরা হলেন— সীতাকুন্ড উপজেলা সেচ্ছাসেবক দলের সভাপতি আলাউদ্দিন মনি, সাধারণ সম্পাদক হেলাল উদ্দিন বাবর, সীতাকুন্ড পৌর আহ্বায়ক মামুন এবং যুবদলের সোনাইছড়ী ইউনিটের সাধারণ সম্পাদক মমিন উদ্দিন মিন্টু।

বিজ্ঞপ্তিতে বলা হয়, সোমবার সন্ধ্যার পর সীতাকুন্ডের কদমরসুল, ভাটিয়ারী বাজার ও জলিল গেট এলাকায় দলীয় মনোনয়নকে কেন্দ্র করে তারা সহিংসতা, হানাহানি ও রাস্তা অবরোধে অংশ নেন।

এমন কর্মকাণ্ডের কারণে তাদের দলীয় প্রাথমিক সদস্যপদসহ সব পর্যায়ের পদ থেকে বহিষ্কার করা হয়েছে। দলীয় সূত্রে জানা গেছে, বহিষ্কৃত চারজনই বিএনপি নেতা আসলাম চৌধুরীর অনুসারী।